গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ডিলার নিয়োগ আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৬.১১৬ তারিখ- ০৯/০৪/২০১৭খ্রিঃ নীতিমালা এবং ১৩.০১.৮৪২৫.০০৪.৫৭.০০৪.২০-৪০৮ তারিখ- ০৮/০৬/২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত ইউনিয়নের উপকারভোগীদের মাঝে সরকার নির্ধারিত মূল্যে খাদ্যশস্য বিতরণের লক্ষ্যে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ দেয়া হল।

| ক্রমিক নং | নির্বাচিত ডিলারের নাম ও ঠিকানা | ইউনিয়নের নাম | দোকানের অবস্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | জনাব শান্তিময় চাকমা<br>পিতা- মৃত সুরেশ কুমার চাকমা<br>মাতা- চঞ্চল মালা চাকমা<br>গ্রাম- কলাবুনিয়া<br>ডাকঘর- কলমপতি (৪৫১০)<br>উপজেলা- কাউখালী<br>জেলা- রাঙ্গামাটি পার্বত্য জেলা। | ০২নং ফটিকছড়ি ইউনিয়ন,<br>কাউখালী,<br>রাঙ্গামাটি পার্বত্য জেলা। | বর্মাছড়ি বাজার | |

**শর্ত সমূহঃ**

১। নির্বাচিত ডিলার বছরে মার্চ, এপ্রিল, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মোট ০৫ (পাঁচ) মাস ট্রেজারি চালানের মাধ্যমে প্রতি মেঃটন চালের মূল্য ১৩,০০০/- টাকা হারে নির্ধারিত কোডে সরকারি কোষাগারে জমাদান পূর্বক অত্র দপ্তর হতে ডিও গ্রহণ করে তার অনুকূলে নির্ধারিত/বরাদ্দকৃত ৫.৪০০ মেঃটন চাল তার দোকানের সাথে ট্যাগকৃত তদারকি কর্মকর্তার উপস্থিতিতে প্রকৃত কার্ডধারীর নিকট প্রতি কেজি চালের মূল্য ১৫/- দরে ৩০ কেজি পুষ্টি চাল বিক্রি করবেন।

২। নির্বাচিত ডিলারের নির্ধারিত/বরাদ্দকৃত চাল যদি কার্ণেল মিশ্রণ হয় তবে সেক্ষেত্রে মিশ্রণ মিলার মের্সাস বিএসএন এগ্রো ফুডস, মালিক- ইকবাল বাহার চৌধুরী/তার মনোনিত প্রতিনিধি এর নিকট পূনঃ সন্তুষ্টি সহকারে হস্তান্তর করবেন। মিশ্রণ মিলার কার্ণেল মিশ্রণ পূর্বক পুষ্টি চাল প্রস্তুত করতঃ নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচিত ডিলারের দোকান/বিক্রয় কেন্দ্রে পুষ্টি চাল পৌছে দিলে তার দোকানের সাথে ট্যাগকৃত তদারকি কর্মকর্তার উপস্থিতিতে প্রকৃত কার্ডধারীর নিকট প্রতি কেজি চালের মূল্য ১৫/- দরে ৩০ কেজি পুষ্টি চাল বিক্রি করবেন।

৩। সপ্তাহে ০৩ (তিন) দিন যথাক্রমে সোম, মঙ্গল ও বুধবার সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত দোকান খোলা রাখতে হবে।

৪। বিক্রিত চাল/গমের হিসাব রেজিষ্টার সংরক্ষণ করতে হবে, যাতে কার্ডধারীর/উপকারভোগীর নাম, কার্ড নম্বর, বিক্রয়ের তারিখ ও পরিমাণ উল্লেখ থাকে। একই সাথে ডিলারকে রেজিষ্টারে বিতরণকৃত মালের পরিমাণ ও বিতরণের তারিখ উল্লেখ করতে হবে। দিনের শেষে ডিলার মোট বিক্রয় ও মজুদ পরিমাণ রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে দিনের বিক্রির পরিমাণ আবশ্যিকভাবে অবহিত করবেন।

৫। নির্বাচিত ডিলারের দোকানের সাথে সংযুক্ত কার্ডধারীর সংখ্যা ১৮০ জন। সংযুক্ত কার্ড/তালিকা চাহিদা অনুযায়ী সমুদয় খাদ্য সামগ্রী একবারে উত্তোলন করতে হবে।

৬। ডিলারের দোকান সহজে চিহ্নিত করণের জন্য দোকানের সম্মুখে বড় বড় অক্ষরে লেখা স্পষ্ট সাইনবোর্ড/ব্যানার থাকতে হবে এবং তাতে নিম্নরূপ কথা লেখা থাকতে হবে।

"শেখ হাসিনার বাংলাদেশঃ ক্ষুধা হবে নিরুদ্দেশ"

**(খাদ্যবান্ধব কর্মসূচি)**

**"খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত হতদরিদ্রদের জন্য স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ"**

| প্রতি | কেজি | মূল্য | মাসে | কার্ড | প্রতি |
|---|---|---|---|---|---|
| চাল | ১৫ | টাকা | চাল | ৩০ | কেজি |

**ডিলারের নামঃ- শান্তিময় চাকমা**

বর্মাছড়ি বাজার, ২নং ফটিকছড়ি ইউনিয়ন, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
সোম, মঙ্গল ও বুধবার, সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত দোকান খোলা থাকবে।

চলমান পাতা- ২

৬। ডিলারকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউখালী এর অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (পে অর্ডার আকারে) এবং ৩০০.০০ (তিনশত) টাকার (পরিবর্তন যোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দিতে হবে। জামানত ও অঙ্গীকারনামা দাখিল করার পর ডিলারের এই নিয়োগ চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। খাদ্য বিভাগের ক্ষমতাপ্রাপ্ত যেকোন কর্মকর্তা/প্রশাসনের যে কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিক্রয় কার্যক্রম ও ডিলারের কাজ তদারকি করতে পারবেন।

৮। ভোক্তাদের/উপকারভোগীদের সুবিধা বিবেচনা করে প্রয়োজনবোধে ডিলারের দোকানের অবস্থান পরিবর্তন/স্থানান্তর এবং একাদিক স্পট করতে হবে। এ ক্ষেত্রে ডিলারের কোন প্রকার অনিহা ও ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

৯। হতদরিদ্রদের জন্য খাদ্যবান্ধব কর্মসূচির সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণ নীতিমালা-২০১৭ এবং পরবর্তীতে যদি কোন নতুন নীতিমালা/শর্ত আরোপ করা হলে সেই মোতাবেক ডিলারকে সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।

**বিঃদ্রঃ আগামী ১২/০৭/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে ২০,০০০/- (বিশ হাজার) জামানত বাবদ পে অর্ডার ও ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা দিতে হবে অন্যথায় সময় অতিবাহিত হলে নিয়োগ বাতিল হবে।**

২০/৬/২৩

(তরুন প্রকাশ চাকমা)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য-সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ১৩.০১.৮৪২৫.০০৪.৫৭.০০৭.২৩- 8১8

তারিখ- ১১/০৬/২০২৩খ্রিঃ।

অনুলিপিঃ

**ক) সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-**

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৯নং, রাঙ্গামাটি পার্বত্য জেলা ও প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা খাদ্যবান্ধব কমিটি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য-সচিব, জেলা খাদ্যবান্ধব কমিটি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৫। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৭। উপজেলা.................. কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৮। চেয়ারম্যান, ০২নং ফটিকছড়ি ইউনিয়ন পরিষদ ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৯। সচিব, ০২নং ফটিকছড়ি ইউনিয়ন পরিষদ ও সদস্য-সচিব, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**খ) অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ-**

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাউখালী এলএসডি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২। মের্সাস বিএসএন এগ্রো ফুডস, মালিক-ইকবাল বাহার চৌধুরী/তার মনোনিত প্রতিনিধি, মানিকছড়ি, রাঙ্গামাটি।

৩। জনাব ..........................ডিলার, বর্মাছড়ি বাজার কেন্দ্র, ২নং ফটিকছড়ি ইউনিয়ন পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২০/৬/২৩

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য-সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।